# ডিপজিটরি আইন, ১৯৯৯

( ১৯৯৯ সনের ৬ নং আইন )

**ডিপজিটরি নিয়ন্ত্রণকল্পে প্রণীত আইন।**

যেহেতু সিকিউরিটির সংরক্ষণ ও হস্তান্তর কার্যকর ও লিপিবদ্ধ করণের নিমিত্ত প্রতিষ্ঠিত ডিপজিটরি নিয়ন্ত্রণকল্পে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন ডিপজিটরি আইন, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা বলবত্‌ হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “অংশগ্রহণকারী” অর্থ প্রবিধান অনুযায়ী ডিপজিটরিতে অংশগ্রহণ করার অধিকারপ্রাপ্ত কোন ব্যক্তি;

(খ) “ইস্যুয়ার” অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 2 (g) তে সংজ্ঞায়িত æissuer”;

(গ) “উপ-আইন” অর্থ এই আইনের অধীন ডিপজিটরি কর্তৃক প্রণীত উপ-আইন;

(ঘ) “কমিশন” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২(১) (ক) এ সংজ্ঞায়িত “কমিশন”;

(ঙ) “কোম্পানী আইন” অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);

(চ) “কোম্পানী রেজিস্টার” অর্থ কোম্পানী আইনের ধারা ৩৪-এ উল্লিখিত সদস্য-বহি;

(ছ) “ডিপজিটরি” অর্থ বুক এন্ট্রির মাধ্যমে সিকিউরিটির সংরক্ষণ ও হস্তান্তরের লক্ষ্যে প্রবিধান দ্বারা নির্ধারিত প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে গঠিত ও কোম্পানী আইন এর অধীন নিবন্ধিত কোন কোম্পানী;

(জ) “ডিপজিটরি রেজিস্টার” অর্থ কোম্পানী রেজিস্টারের ডিপজিটরি অংশে ডিপজিটরির নামে লিপিবদ্ধ সিকিউরিটি সম্পর্কে ডিপজিটরি কর্তৃক সংরক্ষিত বৈধ মালিকানা রেজিস্টার;

(ঝ) “প্রত্যক্ষ হিসাব ধারক” অর্থ ডিপজিটরিতে হিসাব খোলেন এবং সংরক্ষণ করেন কিন্তু অংশগ্রহণকারী নহেন এমন ব্যক্তি;

(ঞ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ট) “বুক এন্ট্রি” অর্থ ডিপজিটরি রেজিস্টারে প্রবিধান অনুযায়ী সিকিউরিটি লিপিবদ্ধ করা;

(ঠ) “ব্যক্তি” অর্থে কোন কোম্পানী, প্রতিষ্ঠান বা সংস্থাও অন্তর্ভুক্ত হইবে;

(ড) “যোগ্য সিকিউরিটি” অর্থ উপ-আইনের অধীন ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ হইবার যোগ্য কোন সিকিউরিটি;

(ঢ) “সিকিউরিটি” অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 2(l) এ সংজ্ঞায়িত æsecurities”;

(ণ) “হিসাব” অর্থ ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ সিকিউরিটির বৈধ মালিকানা সংক্রান্ত হিসাব;

(ত) “হিসাব ধারক” অর্থ স্বয়ং বা কোন অংশগ্রহণকারীর মাধ্যমে ডিপজিটরির সহিত হিসাব খোলেন এবং সংরক্ষণ করেন এমন ব্যক্তি।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে এবং সিকিউরিটি ধারণ ও হস্তান্তর সম্পর্কিত বিষয়ে অন্য সকল আইনের অতিরিক্ত হইবে।

**নিবন্ধন**

৪। (১) কমিশন কর্তৃক নিবন্ধিত না হইলে কোন ডিপজিটরি এই আইনের অধীন কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন নিবন্ধীকরণের আবেদন প্রবিধান দ্বারা নির্ধারিত ফরম, পদ্ধতি, ফি প্রদান এবং অন্যান্য শর্ত যদি থাকে, পূরণ করিয়া দাখিল করিতে হইবে এবং কমিশন আবেদনকারীর নিকট হইতে আবেদনটি বিবেচনার সুবিধার্থে প্রয়োজনীয় সংশ্লিষ্ট অন্য যে কোন তথ্য চাহিতে পারিবে যাহা আবেদনকারী সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৩) কমিশন, লিখিতভাবে কারণ উল্লেখ করিয়া, কোন নিবন্ধীকরণের আবেদন নামঞ্জুর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া এই উপ-ধারার অধীন কোন আবেদন নামঞ্জুর করা যাইবে না।

**ডিপজিটরি পদ্ধতি প্রবর্তন**

৫। (১) প্রত্যেক ডিপজিটরি উহার স্ব স্ব ডিপজিটরি পদ্ধতি প্রবর্তন ও পরিচালনা করিবে যাহাতে বা, ক্ষেত্রমত, যদ্বারা-

(ক) অংশগ্রহণকারী এবং প্রত্যক্ষ হিসাব ধারক কর্তৃক হিসাব খোলা, সংরক্ষণ এবং কোম্পানী রেজিস্টারের ডিপজিটরি অংশে জমাকৃত সিকিউরিটির মালিকানা লিপিবদ্ধ করা যাইতে পারে;

(খ) সিকিউরিটির মালিকানা এক হিসাব হইতে অন্য হিসাবে স্থানান্তর করা যাইতে পারে;

(গ) হিসাবে রক্ষিত সিকিউরিটি বন্ধক দেওয়ার এবং ধার দেওয়া ও নেওয়ার সুবিধা প্রদান করা যাইতে পারে;

(ঘ) প্রবিধান দ্বারা নির্ধারিত অন্যান্য সুবিধা প্রদান করা যাইতে পারে৷

(২) উপ-ধারা (১) এর অধীন গৃহীত যাবতীয় ব্যবস্থা প্রবিধান দ্বারা নির্ধারিত শর্ত এবং পদ্ধতি অনুসারে গ্রহণ করা হইবে৷

**সিকিউরিটি অজড়, ইত্যাদি অবস্থায় রক্ষণ**

৬। কোম্পানী রেজিস্টারের ডিপজিটরি অংশ জমাকৃত সকল সিকিউরিটি অজড় (dematerialised)) অবস্থায় এবং ফানজিবল ফরম (fungible) এ রাখিতে হইবে৷

**কোম্পানী আইন এর ধারা ১৫৮ এর প্রয়োগ**

৭। ডিপজিটরিতে রক্ষিত সিকিউরিটির ক্ষেত্রে কোম্পানী আইন এর ধারা ১৫৮ প্রযোজ্য হইবে না।

**বুক এন্ট্রি পদ্ধতিতে সিকিউরিটি হস্তান্তরের কার্যকরতা**

৮। বুক এন্ট্রি পদ্ধতিতে কোন সিকিউরিটি হস্তান্তর করা হইলে উক্ত হস্তান্তর ডিপজিটরি রেজিস্টারে প্রবিধান অনুযায়ী এন্ট্রি করা সাপেক্ষে কার্যকর হইবে৷

**ডিপজিটরি রেজিস্টারে রক্ষিতব্য সিকিউরিটি**

৯। (১) উপ-আইনে নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে, নিম্নবর্ণিত সিকিউরিটি ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ থাকিবে, যথা:-

(ক) গ্রাহকের বরাবরে বরাদ্দকৃত যোগ্য সিকিউরিটি;

(খ) হিসাব ধারকের বরাবরে বরাদ্দকৃত অতিরিক্ত সকল সিকিউরিটি৷

(২) ইস্যুয়ার তত্কর্তৃক বরাদ্দকৃত সিকিউরিটি সম্পর্কে ডিপজিটরির নাম কোম্পানী রেজিস্টারের ডিপজিটরি অংশে লিপিবদ্ধ করিয়া উক্ত সিকিউরিটি সম্পর্কিত তথ্যাবলী ডিপজিটরিকে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, অবহিত করিবে এবং ডিপজিটরি উক্তরূপে অবহিত হওয়ার পর সংশ্লিষ্ট বরাদ্দ গ্রহীতার নাম ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

**সিকিউরিটির হস্তান্তর**

১০। (১) উপ-আইনের বিধান সাপেক্ষে, প্রত্যেক যোগ্য সিকিউরিটির হস্তান্তর ডিপজিটরির হিসাবে হইবে।

(২) কোন ব্যক্তি কোম্পানী রেজিস্টারের সার্টিফিকেটেড অংশ হইতে ডিপজিটরি অংশে কোন সিকিউরিটি হস্তান্তর করিতে চাহিলে, তিনি সিকিউরিটি সংক্রান্ত সার্টিফিকেটটি প্রবিধান দ্বারা নির্ধারিত পন্থায় ইস্যুয়ারের নিকট সমর্পণ করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন সার্টিফিকেট প্রাপ্তির পর ইস্যুয়ার উহা বাতিল করিবে ও কোম্পানী রেজিস্টারের ডিপজিটরি অংশে উক্ত সিকিউরিটি সম্পর্কিত ডিপজিটরির নাম প্রতিস্থাপন করিবে এবং প্রবিধান দ্বারা নির্ধারিত পন্থায় প্রতিস্থাপনের বিষয়টি ডিপজিটরিকে অবহিত করিবে।

(৪) ডিপজিটরি উপ-ধারা (৩) এর অধীন অবহিত হওয়ার পর ডিপজিটরি রেজিস্টারে সংশ্লিষ্ট হিসাব ধারক কর্তৃক রক্ষিত হিসাবে সিকিউরিটি জমা করিবে।

**ডিপজিটরি, অংশগ্রহণকারী, ইস্যুয়ার ও হিসাব ধারকের দায়িত্ব, ইত্যাদি**

১১। (১) কোন অংশগ্রহণকারী বা প্রত্যক্ষ হিসাব ধারকের নিকট হইতে নির্দেশ প্রাপ্তির পর ডিপজিটরি প্রবিধান অনুযায়ী ডিপজিটরি রেজিস্টারে হালনাগাদ করণের মাধ্যমে কোন মালিকানা হস্তান্তর কার্যকর করিবার অধিকারী হইবে।

(২) ডিপজিটরি কোন ইস্যুয়ারের সদস্য হইবে না।

(৩) ডিপজিটরি, প্রবিধান দ্বারা নির্ধারিত পন্থায়, ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ বৈধ মালিকানাধারী ব্যক্তি সম্পর্কে ইস্যুয়ারকে তথ্য সরবরাহ করিবে এবং উক্ত ব্যক্তি ইস্যুয়ারের সদস্য হইবেন।

(৪) ইস্যুয়ার কোন কোম্পানীর সদস্য সম্পর্কে উপ-ধারা (৩) এর অধীন ডিপজিটরি কর্তৃক সরবরাহকৃত তথ্যের উপর নির্ভর করিবে।

(৫) কোম্পানী আইনে যাহা কিছুই থাকুক না কেন, ইস্যুয়ার উহার কোম্পানী রেজিস্টারে ডিপজিটরিতে রক্ষিত সিকিউরিটিজসমূহের একটি পৃথক অংশ খুলিবে ও উহা সংরক্ষণ করিবে।